পুলিস কর্তারা জানালেন কে পি পি-র সংগঠন চলে কে এল ও-র টাকায়

সিদ্ধার্থ নাহা, জলপাইগুড়ি ও চিত্রদীপ চক্রবর্তী, শিলিগুড়ি

২৩ ডিসেম্বর– অতুল রায়রা যতই অস্বীকার করুন না কেন, খোদ পুলিস কর্তারা জানিয়ে দিলেন, কে পি পি সংগঠন চালায় কে এল ও-র টাকায়। এমনকি কে এল ও প্রধান জীবন সিংহকে লেখা এক কে পি পি শীর্ষনেতার চিঠি এখন পুলিসের হাতে। গত বছর কুমারগ্রাম এলাকায় পুকুরিতে দুই কে এল ও জঙ্গির কাছ থেকে পুলিস এই চিঠি পায়, যাতে দল চালানোর জন্য ২ লক্ষ টাকা চাওয়া হয়েছে। কিন্তু রাম সিং এবং কল্যাণ দাস নামে ওই দুই জঙ্গি জীবন সিংহের হাতে চিঠি পৌঁছে দিতে গিয়ে সি আর পি এফের গুলিতে মারা যায়। রামের পকেটেই পাওয়া যায় সেই চিঠি। পুলিস কর্তারা এই নেতার নাম জানাতে অস্বীকার করলেও জানা গেছে. ওই নেতাটি আর কেউ নন, কে পি পি-র প্রাক্তন সভাপতি নিখিল রায়। যিনি মাত্র কয়েকদিন আগে জামিনে ছাড়া পেয়েছেন। এদিকে, এ খবর শোনার পর কে পি পি শিবিরের চরম নিখিলবিরোধী মুখপাত্র অতুল রায় জানান, 'নিখিল হোক বা অতুল, যিনিই এ কাজ করেছেন, প্রমাণ হলে দল তাঁকে বহিষ্কার করতে এক মিনিটেরও কম সময় নেবে। আর আমরা প্রশাসনকে বলছি, আপনারাও ব্যবস্থা নিন।' প্রথম থেকেই নিজেদের কে এল ও বিরোধী বলে এলেও এবার পুলিসের এই কথায় বেশ চাপে পড়ে গেছে কে পি পি। তড়িঘড়ি তারা জানিয়ে দিয়েছে, আমরা দলে খরচ চালানোর জন্য মোটেও কারও সাহায্য নিই না। জনগণের দরজায় দরজায় ঘুরে আমরা ১ টাকা, ২ টাকা সংগ্রহ করি। এদিন জলপাইগুড়ির পুলিস সুপার সিদ্ধিনাথ গুপ্তা জানান, জীবন সিংহের সঙ্গে ৩ বছর আগে ২ বার মিটিং করেছেন কে পি পি-র এই শীর্ষ নেতা। একবার লোয়ারডাঙায়, আর একবার শানকুমার হাটে। সেখানে তাঁদের মধ্যে সংগঠন. আলোচনা হয়। এমনিতে কে এল ও-র বাৎসরিক আয় ছিল ৪০ লক্ষ টাকার মতো। সেটা রাখতেন জীবন সিংহ নিজেই। সেখান থেকে কে পি পি-কে টাকা দেওয়া হত। এমনকি গত ৯৯ সালে রাঙাপাখির কাছে প্রায় ৮ লক্ষ টাকা ডাকাতির ঘটনায় কে পি পি-র হাত ছিল। জেরায় টম, মিল্টনও জানিয়েছে, কে পি পি এবং কে এল ও-র সম্পর্কের কথা। এদিকে, ৫ কে এল ও-র অন্যতম শীর্ষনেতা হর্ষবর্ধন ধরা পড়লেও এখনও অধরা রয়ে গেছেন ওই সংগঠনের প্রতিষ্ঠাতা সদস্য পুলস্থ বর্মন ওরফে শশাঙ্ক। গত ২ বছর ধরে জীবন সিংহকে কোষাধ্যক্ষের পদ থেকে সরিয়ে পুলস্থই সব টাকা দেখাশোনা করছিলেন। তবে জঙ্গি নিধন অভিযানে পুলস্থ ২টি এ কে ৫৬ এবং একটি চীনে তৈরি রিভলভার-সহ কয়েক লক্ষ টাকা নিয়ে চম্পট দেন। তাঁর সঙ্গে রয়েছে আরও ৫ জন। প্রথমে আলফার কাছ থেকে ধার হিসেবে নিলেও অপারেশনের ঠিক আগে পর্যন্ত কে এল ও-র কাছে ছিল ২৬টা এ কে ৪৭, ৩টে ইউ এস নি আর ৫টা ৯ এম এম পিস্তল। এর মধ্যে গত ৯ অক্টোবর ২০০২-তে ২টি এবং এ বছর ১৮ অক্টোবর বক্সা থেকে ২টি-সহ মোট ৮টি এ কে ৪৭ উদ্ধার করা হয়। বাকিগুলির খোঁজ চলছে। মিল্টনকে জেরা করে জানা গেছে, ব্যবসায়ীদের মুক্তিপণ হিসেবে পাওয়া টাকার ১টা ভাগ নিয়মিত নিতেন জীবন সিংহ। এবং মিল্টন টাকার একটি হোটেলে গিয়ে সেই টাকা দিয়েও আসে বেশ কয়েকবার। এ নিয়ে ক্ষোভ দানা বাঁধছিল কে এল ও শিবিরে। ক্ষুব্ধ ছিল টম ও মিল্টনরা। পুলিস জানিয়েছে, ৯৯ সালের ২২ নভেম্বর রাঙাপানিতে রেলের ট্রলি থেকে ৭ লক্ষ ৪০ হাজার টাকা ডাকাতি হয়। সেটা হয়েছিল আলফা নেতা রুস্তম চৌধুরির ইশারায়। অপারেশন সফল হওয়ার পর রুস্তম আলফার জন্য একাই নিয়ে যায় ৭ লক্ষ টাকা। বাকি ৪০ হাজার ভাগাভাগি হয় পাত্রখাড়িতে। সেই অপারেশনে ছিলেন তুষার রায়, কল্যাণ রায়, সুবেশ রায় এবং পবিত্র সিং। ওই ঘটনার পর নিখিল রায়ও গ্রেপ্তার হন। কিন্তু পুলিস চার্জশিট দিতে না পারায় তাঁর জামিন হয়ে যায়। আই জি ভূপিন্দার সিং বলেছেন, কোন কোন কে পি পি নেতার যোগ রয়েছে কে এল ও-র সঙ্গে, এখনই তা আমরা বলছি না। যার দিকে আঙুল উঠেছে, সেই নিখিল রায় জানান, 'আমি জীবন সিংহকে চিনি। বেশ কয়েকবার কথাও হয়েছে। আমরা একসঙ্গে আকসু করতাম। তবে টাকা চাওয়ার জন্য কোনও চিঠি লিখিনি। ওকে চেনা বা কথা বলা অপরাধ নাকি?' কে পি পি-র প্রতিষ্ঠাতা এবং প্রাক্তন সভাপতি অতুল রায় একাধিকবার ঘোষণা করেছেন, কে এল ও-র সঙ্গে কে পি পি-র কোনও যোগাযোগ নেই। এমনকি কে এল ও-র জঙ্গি তৎপরতার ঘটনার একাধিকবার তীব্র ভাষায় নিন্দাও করেছেন অতুলবাবু। এখন জানা যাচ্ছে, অতুলবাবু এবং কে পি পি-র বর্তমান সভাপতি নিখিল রায় একাধিকবার কে এল ও চেয়ারম্যান জীবন সিংহের সঙ্গে বৈঠকও করেছেন। ১৭ মার্চ কে পি পি সভাপতি নিখিল রায়কে গ্রেপ্তারের সময় তাঁর বিরুদ্ধে আনা অভিযোগগুলির মধ্যে অন্যতম ছিল কে এল ও-র সঙ্গে যোগাযোগ। পুলিস অবশ্য নিখিলবাবুর বিরুদ্ধে এতদিন চার্জশিট দিতে পারেনি। ৩ ডিসেম্বর জামিনে মুক্তি পেয়েছেন নিখিলবাবু। এতদিন কে এল ও লিঙ্কম্যান হিসেবে যারা গ্রেপ্তার হয়েছে, তারা প্রায় সবাই কে পি পি-র সদস্য ও সমর্থক। এদের মুক্তির জন্য লড়াই করেছে কে পি পি। কে পি পি সংগঠনে অতুল-নিখিল ক্ষমতা দখলের কোন্দল যখন তুঙ্গে, সেই সময় ২২ নভেম্বর চ্যাংড়াবান্ধায় কে পি পি-র অধিবেশনের পর অতুল জানিয়েছিলেন, এরপর দলের কেউ কে এল ও-র লিঙ্কম্যান অভিযোগে গ্রেপ্তার হলে তার দায় দল নেবে না। ৩ ডিসেম্বর জেল থেকে বেরিয়েই নিখিল জানিয়েছিলেন, পুলিস মিথ্যা অভিযোগে গ্রেপ্তার করে। কাজেই কে এল ও-র লিঙ্কম্যান অভিযোগে কেউ গ্রেপ্তার হলে অবশ্যই কে পি পি তার পাশে দাঁড়াবে। অতুলবাবুরা যতই অস্বীকার করুন কিংবা প্রকাশ্যে কে এল ও-র নিন্দা করুন, জন্মসূত্রেই কে পি পি কে এল ও একই গ্রন্থিতে বাঁধা।

AAJKAL
24 DEC 2003

কে এল ও-র নির্দেশে খুন সিপিএম নেতা, কবুল টমের

স্টাফ রিপোর্টার, শিলিগুড়ি ও নিজস্ব সংবাদদাতা, জলপাইগুড়ি: কে এল ও-র কেন্দ্রীয় কমিটি সি পি এম নেতা গোপাল চাকিকে ‘শত্রু’ হিসাবে ঘোষণা করে মারার নির্দেশ দিয়েছিল বলেই ধূপগুড়িতে সি পি এমের অফিসে হামলা চালানো হয়েছিল, কবুল করেছে টম অধিকারী। কী ভাবে গোপালবাবুকে হত্যার ষড়যন্ত্র করা হয়েছিল, শনিবার রাত থেকে টানা জেরায় টম তা বিস্তারিত ভাবে জানিয়েছে বলে পুলিশের দাবি। জলপাইগুড়ির পুলিশ সুপার সিদ্ধিনাথ গুপ্ত বলেন, ১৭ অগস্ট সি পি এমের ওই

ANADABAZAR PATRIKA 23 DEC 2003

টম : সি পি এম দপ্তরে হামলা আলফার অস্ত্রেই

চিত্রদীপ চক্রবর্তী: শিলিগুড়ি, ২২ ডিসেম্বর— আলফার কাছ থেকে অস্ত্র নিয়ে ধূপগুড়ির সি পি এম দপ্তরে হামলা চালিয়েছিল কে এল ও জঙ্গিরা। কে এল ও-র অ্যাকশন স্কোয়াডের মাথা টম অধিকারীকে জেরা করে এ তথ্য জানতে পেরেছে পুলিস। সেই অপারেশনে টম নিজে হাজির ছিল। শুধু তাই নয় টমকে জেরা করে জানা গেছে, উত্তরবঙ্গে ব্যবসায়ীদের অপহরণ করতে একসঙ্গে কাজ করত আলফা এবং কে এল ও। ধৃত টমকে জেরা করে এটাও জানা গেছে, নিশিগঞ্জের ব্যবসায়ীপুত্র গোপাল দেবনাথের মুক্তিপণ বাবদ পাওনা টাকা নিয়ে ঠিকঠাক রফা হয়নি তার পরিবার এবং কে এল ও-র মধ্যে। এর মধ্যেই সেনা-অভিযান শুরু হতেই উদ্ধার হয়ে যান গোপাল। সুস্থ হওয়ার পরই তিনি জানিয়েছিলেন, আমার বাড়ি থেকে জঙ্গিদের টাকা দেওয়া হয়েছে এমন খবর আমার কাছে নেই। পুলিস সূত্রে জানা গেছে, তাদের তালিকায় ২০ জনের মোস্ট ওয়ান্টেডের তালিকা থাকলেও ৫ জনের হদিশ পেয়েছে তারা, কিন্তু বাকি ১৫ জন গেল কোথায়। আপাতত এদের খোঁজ নেওয়ার চেষ্টা করছেন পুলিস কর্তারা। তবে এখনও পর্যন্ত পুলিস একটা ব্যাপারে পরিষ্কার, তা হল জীবন সিংহ পালিয়েই রয়েছে। নভেম্বর মাসে বিপুল অঙ্কের টাকা নিয়ে সে চম্পট দেয়। আর তার পরই কে এল ও শিবির দুই দলে ভাগ হয়ে যায়। একটা চরমপন্থী ও একটা নরমপন্থী। ইদানীং নরমপন্থীরা বেশ শক্তিবৃদ্ধি করে ফেলেছিল। তারা চাইছিল আত্মসমর্পণ করতে। পুলিসি জেরায় ধৃত জঙ্গিরা স্বীকার করেছে, ৯৮ সালে ব্যবসায়ী নরেশ দাসকে অপহরণ ও খুন করার পর মৃতদেহ হাপিস করে ফেলা হয়। সেই কাজ যৌথভাবে করেছিল আলফা এবং কে এল ও। এই দুই সংগঠন এক হয়ে যাওয়ায় আপাতত রসদ এবং অর্থ সংগ্রহ করত কে এল ও এবং আগ্নেয়াস্ত্র সংগ্রহ করত আলফা। এদিকে জেরা করার খবর বাইরে বেরিয়ে যাওয়ার আশঙ্কায় এদিন থেকে গোপনে জেরা করা শুরু হয়েছে। পুলিসি সূত্রে জানা গেছে, ধৃত মহিলা কে এল ও জঙ্গি অঞ্জনা সিং রায় গত নভেম্বরে ময়নাগুড়ির পানবাড়িতে নিজের বাড়ি থেকে ঘুরে ভুটান ক্যাম্পে পৌঁছয়।

ভুটান জুড়ে সতর্কতা, বদলা নিতে পারে ফেরার জঙ্গিরা

বিশ্বজিৎ আচার্য, আলিপুরদুয়ার ও সিদ্ধার্থ নাহা, জলপাইগুড়ি: ২২ ডিসেম্বর— ভুটান ফৌজ অবরুদ্ধ ও বিপর্যস্ত জঙ্গি পরিবারের মহিলা ও শিশুদের আত্মসমর্পণের সুযোগ দিচ্ছে। এ জন্যই জঙ্গি-বিরোধী অভিযান শিথিল করে দিয়েছে। দু'দিন গোলাগুলির আওয়াজ শোনা যায়নি। গুঁড়িয়ে দেওয়া আলফা শিবিরের শিশু-মহিলাদের ভারতীয় সেনাবাহিনীর তামুলপুর ছাউনিতে নিয়ে আসা হয়েছে। বিভিন্ন জঙ্গি ডেরা থেকে ৫০০ এ কে-৪৭ রাইফেল, একশোর ওপর পিস্তল, ৬০ মিলিমিটার মর্টার, প্রচুর অ্যান্টি-এয়ারক্র্যাফট গান, এস এল আর, দেড় লাখ রাউন্ড সাধারণ কার্তুজ এবং এ কে সিরিজের গুলি উদ্ধার করা হয়েছে ৮০ হাজার। জানিয়েছেন ভুটান ফৌজের এক মুখপাত্র। আলফা অবশ্য হাত-পা গুটিয়ে বসে থাকেনি। উত্তর-পূর্বাঞ্চলে ভুটানিদের বয়কট করার আহ্বান জানিয়েছে। এন এস সি এন (আই এম) আলফাকে সমর্থন করে নাগাল্যান্ড ও মণিপুরে বন্‌ধ ডেকেছে। ভুটান-সেনা দ্বিতীয় পর্যায়ে জোরদার অভিযান শুরুর তৎপরতা চালাচ্ছে। আলফার পক্ষ থেকে নির্বিচারে হত্যার অভিযোগ তোলা হচ্ছে। ছড়ানো হচ্ছে অত্যাচারের ভয়ঙ্কর গল্পও। ভুটান সরকারের মুখপাত্র ইয়েসে দোর্জি বলেছেন, ভুটান-সেনা আপাতত বিরাম নিচ্ছে। শিগগিরই জঙ্গলে অবস্থানরত জঙ্গিদের বিরুদ্ধে সংহত অভিযান শুরু করবে। ভুটানের দক্ষিণ-পূর্ব ও দক্ষিণ-পশ্চিমে টানা সংঘর্ষে ১৬০ জন জঙ্গির মৃত্যু এবং ৪০০ জঙ্গি আত্মসমর্পণের ঘটনা ঘটেছে। ৩০টি জঙ্গি-শিবির ধ্বংস হয়েছে। সরকারি পরিসংখ্যান অনুযায়ী ৩০০০ জঙ্গি ভুটানে আশ্রয় নিয়েছিল। জঙ্গি-শিবির ধ্বংস, মৃত্যু, আত্মসমর্পণের পর জঙ্গিদের বড় অংশ ভুটানের গভীর জঙ্গলে গা ঢাকা দেয়। বাধ্য হয়ে জঙ্গিরা মধ্য ও দক্ষিণ ভুটানের পাহাড় ও জঙ্গলে অবস্থান করছে। ভুটানের এই সব এলাকার মধ্যে ৫টি জেলা অন্যতম। জেলাগুলি হল— ওয়াংদি ফুদ্রাং, দাগা, মঙ্গর, শেমগং এবং প্রেমাগচেল। পানীয় জল, খাবার এবং পোশাকের অভাবে জঙ্গিরা অনিশ্চিত অবস্থায় পড়েছে বলে সেনাবাহিনী সূত্রে জানা গেছে। আলফা-কে এল ও এবং এন ডি এফ বি জঙ্গিদের প্রতিশোধের আশঙ্কায় ভুটান সরকার আগাম সতর্কতা জারি করেছে। ভুটানের ফৌজ এবং পুলিস সদা সতর্ক। ভুটানের মাটি থেকে জঙ্গিদের নিশ্চিহ্ন করতে নতুন কৌশল তৈরি করছে ভুটান। বন্দী ও আত্মসমর্পণকারী জঙ্গিদের পরিচয় এবং অন্যান্য বিষয় নিয়ে থিম্পুতে চলছে সমীক্ষা। ভারতের হাতে তুলে দেওয়ার কাজ দ্রুত শেষ করতে চাইছেন ভুটানরাজ। ভুটানের গ্যালেফুর ওপরে শক্তিবৃদ্ধি করতে আরও সেনা মোতায়েন করছে। এদিকে, সেনাবাহিনীর তাড়া খেয়ে বুক্সা শিবির থেকে পালানোর সময় পাঁচ কে এল ও জঙ্গি দুটি এ কে ৫৬ এবং একটি স্বয়ংক্রিয় ৯ এম এম পিস্তল নিয়ে গেছে। পলাতক জঙ্গিদের মধ্যে কে এল ও-র প্রতিষ্ঠাতা-সদস্য পুলস্ত্য বর্মন রয়েছে। শিবিরের নগদ টাকাও হাতিয়ে নিয়ে গেছে পুলস্ত্য। সম্ভবত এরা পূর্ব ভুটানের গভীর জঙ্গলে গা ঢাকা দিয়েছে। কে এল ও-র অন্যতম বড় শিবির বুক্সাতে ছিল ৬টি এ কে ৫৬ এবং ২টি ৯ এম এম পিস্তল। ভুটান বাহিনী এখান থেকে টম অধিকারী এবং মিল্টন বর্মা সহ চারজনকে গ্রেপ্তারের সময় ৪টি এ কে ৫৬, ১টি স্বয়ংক্রিয় পিস্তল এবং নগদ ৭০ হাজার টাকা উদ্ধার করে। জলপাইগুড়ির পুলিস সুপার সিদ্ধিনাথ গুপ্ত আজ উদ্ধার-করা এইসব অস্ত্র সাংবাদিকদের দেখান। মিল্টন, টম সহ ধৃত যে পাঁচজন কে এল ও জঙ্গিকে প্রত্যর্পণ করা হয়েছে, পুলিসের জেরায় তাদের কাছ থেকে মিলছে সব চাঞ্চল্যকর গোপন তথ্য। পুলিস সুপার জানালেন, ২৪ এপ্রিল ময়নাগুড়ির পেট্রল পাম্প-মালিক প্রতীক ব্যানার্জিকে অপহরণের পর ৪০ লক্ষ টাকা জঙ্গিরা মুক্তিপণ বাবদ পেয়েছে বলে কোনও তথ্য পুলিসের জানা নেই। এই টাকা নিয়ে কে এল ও চেয়ারম্যান জীবন সিং বাংলাদেশে সরে পড়েছে, এমন কোন তথ্যও ধৃত টম পুলিসকে জানায়নি। পুলিস সুপার জানালেন, কে এল ও-র বড় বড় চাঁইয়ের মধ্যে জীবন সিং-সহ বেশ কয়েকজন এখনও গা ঢাকা দিয়ে রয়েছে। এদের সন্ধানে ভুটানে চলছে জোর তল্লাশি।

অন্য দিকে, ভীমকান্ত বরগোহাঞি(৭৮)-সহ নিহত জঙ্গিদের মৃতদেহ অবিলম্বে তাঁদের আত্মীয়স্বজনের হাতে হস্তান্তরিত করার ভারতীয় সেনাবাহিনীকে নির্দেশ দিয়েছে গুয়াহাটি হাইকোর্ট। মানবাধিকার সংগ্রাম সমিতির আবেদনের ভিত্তিতে বিচারপতি ডি বিশ্বাস ও বিচারপতি আই আনসারিকে নিয়ে গঠিত ডিভিশন বেঞ্চ সেনাপ্রধানকে নির্দেশ দিয়েছে, ভুটানের জঙ্গিবিরোধী অভিযানে যাঁরা মারা গেছেন, তাঁদের সবার মৃতদেহই স্বজনদের হাতে তুলে দিতে হবে। এদিকে, আলফার চেয়ারম্যান অরবিন্দ রাজখোয়া ভুটানের রাজা জিগমে সিংগে ওয়াংচুককে চিঠি লিখে জানিয়েছেন, ভীমকান্ত বরগোহাঞি সাদা পতাকা উঁচিয়ে ধরে আত্মসমর্পণ করেছিলেন। তারপরও আপনার ফৌজ ভীমকান্তের ওপর গুলি চালায়। ন্যূনতম মানবাধিকার বোধ থাকলে বরগোহাঞির মৃতদেহ ওঁর আত্মীয়দের হাতে তুলে দেওয়ার উদ্যোগ নেবেন।

AAJKAL 23 DEC 2003

AAJKAL

22 DEC 2003

অপারেশন না হলে নিজেই জীবনকে মেরে ধরা দিতাম! টম

বাঁদিক থেকে ভীম ডাকুয়া, সঞ্জয় অধিকারী, টম অধিকারী (চেক জামা), মিল্টন বর্মন (নীল গেঞ্জি) এবং পবিত্র সিংহ। রবিবার জলপাইগুড়ির নবাববাড়ি আদালতে। ছবি: সোমনাথ মুখার্জি

চিত্রদীপ চক্রবর্তী, শিলিগুড়ি

২১ ডিসেম্বর— জেরার জবাবে রীতিমতো চাঞ্চল্যকর তথ্য জানাল ধৃত কে এল ও-র শীর্ষস্থানীয় নেতা টম অধিকারী। পুলিসকে সে সরাসরি জানাল, আমার শেষ টার্গেট ছিল কে এল ও প্রধান জীবন সিংহ। এরকম অপারেশন না হলে আমি নিজেই জীবনকে মেরে আত্মসমর্পণ করতাম। আক্ষেপ, সেটা হল না। টমের এই স্বীকারোক্তিতে অবাক হয়ে গেছেন খোদ পুলিস কর্তারাই। জানা গেছে, কে এল ও-তে এই সঙ্কট ৪০ লক্ষ টাকা নিয়ে। ময়নাগুড়ির ব্যবসায়ী প্রতীক বন্দ্যোপাধ্যায়ের কাছ থেকে মুক্তিপণ বাবদ ওই টাকাটা পাওয়ার পর তা নিয়ে জীবন সিংহ ওরফে তমির দাস একাই চম্পট দেয় বাংলাদেশে। আর তাতেই চটে যায় টমরা। ইদানীং টম নিজের সংগঠনে এসেই কোণঠাসা হয়ে পড়েছিল। কারণ, প্রতীক অপারেশনে যারা ছিল সবাই চাইছিল টাকার ভাগ। এমনকী এটাও রটে যায় টম একা আত্মসাৎ করেছে সব টাকা। বাধ্য হয়ে টম এই সিদ্ধান্ত নেয়। আই জি ভুপিন্দার সিং জানান, অথচ আমরা জানতাম টম জীবন সিংহের ডান হাত। এদিকে ধৃত কে এল ও জঙ্গিদের দলে এক মহিলা জঙ্গির হদিস পেল পুলিস। তার নাম রঞ্জনা রায়। বাড়ি ময়নাগুড়ি। সে স্থানীয় কবিরাজ পবিত্র সিং বড়ুয়ার স্ত্রী। পুলিস জানিয়েছে, গোমটু ভুটান থেকে মোট ১৪ জন জঙ্গি ধরা পড়েছে। এদের মধ্যে রঞ্জনা রয়েছে। দু-একদিনের মধ্যে তাদের হাতে পাবে রাজ্য পুলিস। এদিকে প্রায় ১০০ জন কে এল ও জঙ্গি থাকলেও বাকিরা পালিয়েছে বলে সন্দেহ পুলিসের। ধরা পড়েছে পুলস্ত্য বর্মন ও হর্ষবর্ধন নামের দুই জঙ্গিও। আই জি জানান, আলফা আর কে এল ও ভাই-ভাই। এদিকে বুক্কা ক্যাম্পে হানা দিয়ে জঙ্গি শিবির থেকে পাওয়া গেছে ৪টি এ কে ৪৭ ও ১টা চীনের রিভলভার। ক্যাম্পেই পাওয়া গেছে নগদ ৫ লক্ষ টাকা। মনে করা হচ্ছে এটা কোনও মুক্তিপণের টাকা। জেরাতে টম জানিয়েছে, জীবন সিংহ এখন আমাদের কাছে বিশ্বাসঘাতক। পুলিস জানাচ্ছে, ভুটানের সেনা ঘিরে ফেলার পর কোনও ঝামেলায় না গিয়ে এরা আত্মসমর্পণ করে। শনিবার রাতেই টম 'আজকাল'-কে জানিয়েছিল, আমি 'সারেন্ডার করেছি'।

আজকাল জনমত লোকসভা ভোটের আগে বিরাটকে সামনে আনবে কংগ্রেস? গতকালের প্রশ্ন → নির্বাচ

AAJKAL

21 DEC 2003

P.T.O.

৫ কে এল ও নেতা পুলিসের হাতে

চিত্রদীপ চক্রবর্তী, সিদ্ধার্থ নাহা, বিশ্বজিৎ আচার্য ● জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার

২০ ডিসেম্বর— অপহৃত একজন ব্যবসায়ী এবং সেনা অভিযানে ধৃত প্রথম সারির ৫ কে এল ও জঙ্গিকে ভারতীয় সেনাবাহিনীর হাতে আজ তুলে দিল ভুটানের ফৌজ। টম অধিকারী, মিল্টন বর্মন, ভীম ডাকুয়া, পবিত্র সিংহ ওরফে প্রকাশ সিংহ এবং সঞ্জয় অধিকারীকে ভুটান-জলপাইগুড়ি সীমান্তের ফুন্টশোলিঙে ভারতীয় সেনার হাতে তুলে দেওয়া হয়। গোপাল দেবনাথ নামক একজন ব্যবসায়ীকেও জঙ্গিদের ডেরা থেকে উদ্ধার করে ভুটান ফৌজ ভারতের কাছে হস্তান্তরিত করেছে। ২০ সেপ্টেম্বর নিশিগঞ্জ থেকে গোপালকে কে এল ও জঙ্গিরা অপহরণ করে নিয়ে যায়। এবং দীর্ঘদিন ধরেই জঙ্গি শিবিরে আটকে রাখে। শনিবার সন্ধ্যায় ৫ জঙ্গি এবং ব্যবসায়ীকে হেলিকপ্টারে নিয়ে আসা হয় বিন্নাগুড়ি ক্যান্টনমেন্টে। রাতে ৮টি গাড়ির কনভয়ে কড়া পহারায় তাদের জলপাইগুড়িতে পুলিস সুপারের অফিসে নিয়ে আসা হয়। কে এল ও-র এই ৫ জঙ্গি নেতার মধ্যে ৪ জনকে ধরা হয়েছে ভুটানের সামসি জেলার বুক্কা শিবির থেকে, সঞ্জয়কে আলফার সদর শিবির থেকে। ব্যবসায়ী গোপাল দেবনাথও ছিলেন বুক্কা শিবিরেই। আই জি (উত্তরবঙ্গ) ভুপিন্দর সিং এই খবর জানিয়েছেন। তবে টম 'আজকাল'-কে জানান, তারা আত্মসমর্পণ করেছে। মিল্টন কে এল ও-র ৫ প্রতিষ্ঠাতার অন্যতম, সংগঠনের দু-নম্বর নেতা। টম অ্যাকশন স্কোয়াডের নেতা— 'এরিয়া কমান্ডার'। ধূপগুড়ি সি পি এম অফিসে হামলা এবং ৫ জনকে হত্যার অভিযোগ রয়েছে টমের বিরুদ্ধে। ময়নাগুড়ির ব্যবসায়ী প্রতীক ব্যানার্জিকে অপহরণের নায়কও টম। কে এল ও-র এক নম্বর নেতা জীবন সিংহ মৃত না জীবিত, তা জানাতে পারেননি পুলিস কর্তা ভুপিন্দার সিং। এদিকে তিন জঙ্গি সংগঠনের ডাকা বন্‌ধে আসামে আংশিক সাড়া মিললেও উত্তরবঙ্গে এর কোনও প্রভাব পড়েনি। এদিকে, আজ সকালেই প্রথম ভারতীয় ফৌজের কাছে ভুটান প্রাথমিক সাহায্য চেয়েছে। আলফা জঙ্গি ঘাঁটি ৭০৯ এবং এন ডি এফ বি-র জঙ্গি ঘাঁটি বেথেনি ধ্বংস হয়েছে। দুই ঘাঁটিতে কোনও জঙ্গি হতাহতের চিহ্ন পায়নি জওয়ানরা। শিবির আক্রান্ত

এরপর ৫ পাতায়

৫ কে এল ও নেতা পুলিসের হাতে

১ পাতার পর

হওয়ার আগেই গভীর জঙ্গলে আশ্রয় নেয় জঙ্গিরা। জঙ্গিরা দেওয়াং সংলগ্ন জঙ্গল থেকে ফৌজি জওয়ানদের গাড়ি লক্ষ্য করে গ্রেনেড ছোঁড়ে, গুলিও চালায়। এক সেনা এবং দুই জঙ্গির মৃত্যু হয়েছে। জঙ্গিদের ব্যবহার করা বেশ কিছু অত্যাধুনিক অস্ত্রও উদ্ধার হয়েছে। ভুটানের গভীর জঙ্গল ও দুর্গম পাহাড়ি এলাকায় সেনা-জঙ্গি সঙ্ঘর্ষের ছবি তুলেছে সেনাবাহিনী। ভুটান ফৌজ জঙ্গিদের বিচ্ছিন্ন করে বেশ কয়েকটি জায়গায় তাদের ঘিরে ফেলেছে। মনোবল ভেঙে জঙ্গিদের জল ও খাবার থেকে দূরে রাখাই 'অপারেশন ফ্ল্যাশ আউটের' বর্তমান কৌশল। যদিও এখনও বেশ কিছু জঙ্গি প্রাণপণ প্রতিরোধ গড়ে তুলেছে জওয়ানদের ল্যান্ডমাইন দিয়ে তৈরি চক্রব্যূহতে আটকে রেখে। বেশ কিছু ব্রিজও উড়িয়ে দিয়েছে জঙ্গিরা। ফলে সেনা অভিযান থমকে যাচ্ছে। ভুটান ফৌজ আধুনিক অস্ত্র ছাড়াও ব্যবহার করছে 'পাতাং'। ধারাল এই অস্ত্রের ঘায়ে ছিন্ন হচ্ছে জঙ্গিদের শরীর। আজও ভুটানের কাছে রেডক্রসকে ঢুকতে দেওয়ার আবেদন জানানো হয়েছে। কিন্তু ভুটান সরকার রাজি হয়নি। আজ শনিবার ভোর পাঁচটা থেকে আসাম ও উত্তরবঙ্গ জুড়ে জঙ্গিদের ডাকা ৪৮ ঘণ্টা বন্‌ধে উত্তরবঙ্গের কোথাও কোনও প্রভাব পড়েনি। তিন জঙ্গি গোষ্ঠী আসামের আলফা, এন ডি এফ বি এবং উত্তরবঙ্গের কে এল ও যৌথভাবে আচমকা এই বন্‌ধের ডাক দিয়েছে। জলপাইগুড়ি জেলায় কে এল ও অধ্যুষিত কুমারগ্রাম, শামুকতলা, বারভিষা, টোটোপাড়া, সঙ্কোশ, নিউল্যান্ডস, বক্সা ইত্যাদি কোথাও বন্‌ধের কোনও প্রভাব নেই। কোচবিহারেও একই চিত্র।

গুয়াহাটি থেকে সমর দেব এবং বঙ্গাইগাঁও থেকে বাদলকৃষ্ণ রায় : আলফা, এন ডি এফ বি এবং কে এল ও-র ডাকা ৪৮ ঘণ্টা বন্‌ধের প্রথমদিনে প্রায় গোটা আসামে জীবনযাত্রা কমবেশি আজ ব্যাহত হয়েছে। বন্‌ধ পালিত হয়েছে বড়ো আঞ্চলিক পরিষদ এলাকাতেও। বন্ধ ছিল স্কুল, কলেজ। দোকানপাটও বেশিরভাগই বন্ধ ছিল। বিমান এবং ট্রেন অবশ্য চলেছে। এদিকে ভুটান থেকে তাড়া খেয়ে আসামের বঙ্গাইগাঁও জেলায়-ঢোকার পথে ভারতীয় জওয়ানদের গুলিতে কাল প্রাণ হারিয়েছে এক মহিলাসহ ৩ আলফা জঙ্গি। ঘটনাটি ঘটে সীমান্তের ১৯৮ নম্বর খুঁটির কাছে। পৃথক ঘটনায় জওয়ানদের হাতে ধরা পড়েছে এন ডি এফ বি-র ৪ জঙ্গি। এদের আজ তুলে দেওয়া হয়েছে বিজিনি থানার পুলিসের হাতে। ভুটান থেকে সংবাদ সংস্থার খবর, জঙ্গিদের ৩০টি ঘাঁটিই ভেঙে দেওয়া হয়েছে। ভুটানের বিদেশ মন্ত্রকের ডিরেক্টর ইয়েশে দোর্জি জানিয়েছেন, শীর্ষস্থানীয় আলফা নেতা বিজু ডেকা-সহ ২৫ জন জঙ্গি গতকাল আত্মসমর্পণ করেছে। এদেরও ভারতীয় সেনাবাহিনীর হাতে তুলে দেওয়া হচ্ছে। এর আগে ধরা পড়েছে আলফার প্রচারসচিব মিথিঙ্গা দইমারি, 'মেজর' বেনিং রাভা, রবিন নেওগ, এন ডি এফ বি-র প্রচারসচিব বি এরাকদাও। এরা এখন ভারতীয় ফৌজের হেফাজতে আছে বলে খবর। প্রবীণ আলফা নেতা ভীমকান্ত বরগোহাঞি-র মৃতদেহ আজ রাতে পৌঁছেছে তিনসুকিয়া জেলার দুমদুমার বাড়িতে। ভুটানের সামরিক সূত্রের খবর, স্বয়ং ভুটানের রাজা নিজে এবং তাঁর দ্বিতীয় পুত্র জিগিয়েল ওয়াংচুক জঙ্গি হটানোর অভিযান তদারকি করছেন। আগরতলা থেকে আজকালের প্রতিবেদক জানাচ্ছেন, ত্রিপুরার এ টি টি এফ জঙ্গি গোষ্ঠী হুমকি দিয়েছে, ভুটানি সেনার সঙ্গে লড়তে তারা নাকি ১০০ জঙ্গিকে পাঠাচ্ছে। জানা গেছে, বাংলাদেশের গোপন ঘাঁটি থেকে আলফাসহ উত্তর-পূর্বাঞ্চলের ৯ জঙ্গি সংগঠন সিদ্ধান্ত নিয়েছে, যে সব ভুটানি ব্যবসায়ী কাজে ভারতে আছেন, বিশেষত উত্তরপূর্বে, তাঁদের তাড়িয়ে দেওয়া হবে। আলফার কমান্ডার-ইন-চিফ পরেশ বড়ুয়া ঢাকায় বসেছিলেন অন্য জঙ্গি নেতাদের নিয়ে।

কলকাতার খবর : জঙ্গি দমনের নামে জলপাইগুড়ি ও কোচবিহার সীমান্তে ডুয়ার্স অঞ্চলের চা বাগানে ত্রাসের সৃষ্টি করা হচ্ছে। এই অভিযোগ করেছে সি পি আই (এম এল) লিবারেশন। এদিকে, সংগঠনের পক্ষ থেকে কাল সোমবার মহাকরণ অভিযান করা হচ্ছে। রাজ্য সম্পাদক কার্তিক পাল রাজ্য সরকারের নতুন কর বয়কটের ডাক দিয়েছেন।

AAJKAL

21 DEC 2003

আলফার মাথা 'মামা' নিহত

১ পাতার পর

লক্ষ্য করার মতো কোনও গতিবিধি নেই। কেবল সীমান্তে ছাউনি, বেতার সংযোগের অ্যান্টেনা, বোফর্স কামান, হেলিপ্যাড থেকে হেলিকপ্টারের উড়ান চোখে পড়ছে। এর বাইরে ভারত-ভুটান সীমান্তের ভুটান গেট বন্ধ, সেখানে ভুটান পুলিস নীল রঙের উর্দি পড়ে মোতায়েন। ভুটান ফৌজের বেশ কিছু সাঁজোয়া গাড়িকেও পথে টহল দিতে দেখা গেছে। সোমবার কাকভোরে 'অপারেশন ফ্ল্যাশ আউট' শুরু হওয়ার দিন ভারত-ভুটান সীমান্তে টানা গুলি ও বোমার শব্দ শেষ শোনা গিয়েছিল। তারপর ৭২ ঘন্টা পেরিয়ে গেলেও সীমান্ত নিস্তব্ধ। গোলাবারুদের কোনও শব্দ শোনা যায়নি। ফলে ভুটানের অভ্যন্তরে আদৌ কী হচ্ছে তা জানতে পারছে না কেউ। সেনাবাহিনী সূত্রে জানা গেছে, ভুটানের মাটিতে ঘাঁটি করে বসে থাকা জঙ্গিরা নতুন কায়দা নিয়েছে। সেনা-জঙ্গি সংঘর্ষে হতাহতের সংখ্যা বাড়লে ভুটান ভারতীয় সেনার সাহায্য চাইতে পারে। এমন আশঙ্কা করে জঙ্গিরা গেরিলা আক্রমণ এবং নিজেদের নতুন গোপন ডেরায় চলে যেতে চাইছে। অপর একটি সূত্রের মতে, ভুটানের জঙ্গি শিবিরে আক্রমণ হবে ১৫ ডিসেম্বর। ভুটান সংসদে এই ঘোষণা হয়েছিল প্রায় ৬ মাস আগে। এরপরই জঙ্গিরা ভুটানের সেই শিবির থেকে গোপন আস্তানা তৈরি করতে থাকে। ফলে ভুটান ফৌজ বেশ কিছু জঙ্গি শিবির গুঁড়িয়ে দিলেও সেই শিবিরগুলোতে কোনও জঙ্গির মৃত্যু হয়নি। পরবর্তীকালে ওই সেনারা পাহাড়-জঙ্গলে অভিযান চালাতে গিয়ে জঙ্গিদের তৈরি ল্যান্ডমাইনের ফাঁদে পড়ে। জঙ্গিরা পাহাড়ের উঁচু জায়গা থেকে গাছ ফেলে সেনাদের আক্রমণ করছে। এদিকে ভুটান সরকার ভারতীয় সেনাবাহিনীর সাহায্য চাইলেই ভুটানের জমিতে ভারতীয় সেনা জঙ্গি নিধনে নামতে তৈরি বলে সেনাবাহিনীর এক সূত্রে জানা গেছে। এরই মধ্যে সেনাবাহিনীর কিছু জওয়ানের আহত হওয়ার খবর পাওয়া গেছে।

শিলিগুড়ি থেকে চিত্রদীপ চক্রবর্তী: বন্দী হস্তান্তর নিয়ে সরকারি পর্যায়ে কথাবার্তা বলতে শুক্রবার বিকেলে ভুটানের কালিখোলায় আই জি (উত্তরবঙ্গ), জলপাইগুড়ির পুলিস সুপার এবং বিভাগীয় কমিশনার রওনা হয়েছেন। কে এল ও-র দুই শীর্ষ জঙ্গি টম অধিকারী এবং মিল্টন বর্মনের ভুটান রয়াল আর্মির হাতে ধরা পড়ার খবর থাকলেও এদিন পর্যন্ত তাদের ভারতীয় সেনাবাহিনীর হাতে তুলে দেওয়া হয়নি। কাজেই রাজ্য পুলিস এখনও নিজেদের হেফাজতে পায়নি কে এল ও জঙ্গিদের। জানা গেছে, সার্কের নিয়ম অনুযায়ী এই বন্দী প্রত্যর্পণ হবে। এদিকে গত ২ দিন ধরে জলপাইগুড়ি পুলিস মিল্টন এবং টমের ব্যাপারে আলাদা ফাইল তৈরি করেছে। কারণ জঙ্গিদের ভারতের হাতে তুলে দেওয়ার আগে তাদের অপরাধ সম্পর্কে জানতে চাইছে ভুটান সরকারও। দুজনের নামে অপহরণ, খুন, অস্ত্র আইন ছাড়াও রয়েছে দেশদ্রোহিতার মতো মামলাও। এদিকে, এই দুই কুখ্যাত জঙ্গির বিভিন্ন কোণ থেকে তোলা ছবি কম্পিউটারে ফেলে তা দেখা হচ্ছে যাতে এদের চিহ্নিত করতে ভুল না হয়। এক পুলিসকর্তার মতে, যেহেতু এরা জঙ্গি তাই ডামি থাকতেই পারে। তবে এই ব্যাপারে নিশ্চিত হতে পুলিস এই দুই জঙ্গিকে জেরা করার সময় হাজির রাখবে আত্মসমর্পণকারী কে এল ও জঙ্গিদের। যারা ইতিমধ্যেই স্পটার হিসেবে পুলিসকে এর আগে বিভিন্ন কাজে সাহায্য করেছেন। জেরার সময় এদের সাহায্য নেওয়া হবে। কারণ পুলিসের অনুমান বিভিন্ন ভাগে ভাগ হয়ে জঙ্গিরা এবার পাল্টা আঘাত হানার সুযোগ নিতে পারে। এক্ষেত্রে ধরা পড়া জঙ্গিদের কাছ থেকে এদের সম্পর্কে কোনও কিছু খবর পেলে যাতে দ্রুত চলে গিয়ে পরিকল্পনা ভেস্তে দেওয়া যায়। আই জি (উত্তরবঙ্গ) ভূপিন্দার সিং গত দু-দিন ধরেই জানাচ্ছেন, সরকারি ভাবে তাঁরা টম এবং মিল্টনের গ্রেপ্তারের কোনও খবর জানেন না। অবশ্য আই জি একথা বললেও দুদিন ধরে দফায় দফায় ভারতীয় সেনাদের সঙ্গে পুলিসের আলোচনায় এটা স্পষ্ট দু-একদিনের মধ্যেই টম এবং মিল্টন এসে যেতে পারে পুলিসের হাতে। রাজ্য পুলিসের কাছে কে এল ও জঙ্গিদের মোস্ট ওয়ান্টেডের যে তালিকা রয়েছে তাতে রয়েছে আরও ৮ জনের নাম।

দিল্লি থেকে অসীম নাথ: ভুটান থেকে তাড়া খেয়ে জঙ্গিরা উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় এসে আশ্রয় নিচ্ছে। এদের রুখতে জেলা প্রশাসনকে আধা সামরিক বাহিনী পাঠিয়ে কেন্দ্রের সাহায্য করা উচিত। আজ লোকসভায় এই দাবি করেছেন কংগ্রেসের মুখ্য সচেতক প্রিয়রঞ্জন দাসমুন্সি। এদিন একটি মুলতুবি প্রস্তাব এনে প্রিয় বলেন, ভুটান সেনাবাহিনীর হাত থেকে বাঁচতে জঙ্গিরা পালিয়ে আসছে উত্তরবঙ্গের রায়গঞ্জ, কোচবিহার, শিলিগুড়ি এবং দিনাজপুরের বিভিন্ন এলাকায়। ভারত-ভুটান সীমান্ত সিল করে দেওয়ার দরুন জঙ্গিরা দুদেশের মধ্যে প্রবাহিত কয়েকটি নদীপথ ব্যবহার করছে। তিনি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলেন, জঙ্গিদের এভাবে উত্তরবঙ্গে আশ্রয় নেওয়ার বিষয়ে কেন্দ্র কথা বলুক আসাম এবং পশ্চিমবঙ্গের সঙ্গে। এখনই ব্যবস্থা না নিলে উত্তরবঙ্গে আর শান্তি থাকবে না। তিনি দাবি করেন এখনই উত্তরবঙ্গের এসব জেলায় আধা সামরিক বাহিনী পাঠানো উচিত কেন্দ্রের। জেলা প্রশাসনকে তারা গিয়ে সাহায্য করুক। নতুবা জঙ্গিদের আটকানো যাবে না। এ সময় অবশ্য স্বরাষ্ট্রমন্ত্রী লোকসভায় ছিলেন না। সংসদীয়মন্ত্রী সুষমা স্বরাজ জানান, তিনি বিষয়টির প্রতি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবেন। স্বরাষ্ট্রমন্ত্রী খোঁজখবর নিয়ে সংসদকে অবহিত করবেন।

AAJKAL 20 DEC 2003

ভুটানি সেনার কাছে টম ও মিল্টনের আত্মসমর্পণ

স্টাফ রিপোর্টার: ভুটানের পাহাড়ি জঙ্গলে ঘাঁটি গেড়ে থাকা জঙ্গিদের উচ্ছেদ করতে সেনা অভিযানের সময় 'রয়্যাল ভুটান আর্মি'র কাছে আত্মসমর্পণ করেছে কে এল ও-র দুই শীর্ষ নেতা টম অধিকারী ও মিল্টন বর্মা। সোমবার সকালে জঙ্গি উচ্ছেদের ওই অভিযান শুরু হয় এবং বুধবার সকালে খবর পাওয়া যায়, ওই দু'জন ধরা পড়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকও তাদের ধরা পড়ার কথা জানায়। মহাকরণে স্বরাষ্ট্রসচিব অমিতকিরণ দেব বুধবার বলেন, "কে এল ও-র দুই শীর্ষ নেতার ধরা পড়ার খবর এসেছে।" আজ, বৃহস্পতিবার সকালে তাদের হেলিকপ্টারে করে বিন্নাগুড়ি সেনা ছাউনিতে উড়িয়ে আনা হবে বলে পুলিশি সূত্রের খবর।

জলপাইগুড়ির পুলিশ সুপার সিদ্ধিনাথ গুপ্ত এ দিন বিন্নাগুড়ি সেনা ছাউনিতে কয়েক ঘণ্টা বৈঠকও করেন। বিকাল সাড়ে ৪টে নাগাদ তিনি বলেন, "কত জঙ্গি ও কারা ধরা পড়েছে, তা জানতে আমরা ফৌজের সঙ্গে যোগাযোগ রাখছি। আমাদের হাতে তুলে দেওয়া হলেই আমরা তাদের আদালতে তুলব।"

কে এল ও-র জঙ্গি তৎপরতা শুরু হওয়ার পর থেকেই পুলিশ টম ও মিল্টনকে খুঁজছিল। দেশদ্রোহ, হত্যাকাণ্ড, অপহরণ, লুঠপাটের বহু মামলায় জলপাইগুড়ি, কোচবিহার ও দার্জিলিং পুলিশের খাতায় তাদের নাম আছে। কিন্তু পুলিশ তাদের টিকিটির সন্ধানও পায়নি। ৩০-৩৫ বছর বয়সী ওই দুই যুবক জলপাইগুড়ি জেলার বাসিন্দা। দু'জনেরই একাধিক নাম আছে। গত বছর অগস্টে ধূপগুড়িতে সি পি এমের অফিসে হামলা চালিয়ে পাঁচ জনকে হত্যার ঘটনায় দু'জনেই জড়িত বলে জানিয়েছে পুলিশ। মিল্টনের বিরুদ্ধে ১৩টি ও টমের বিরুদ্ধে ১২টি মামলা ঝুলছে। টমের বাবা, প্রাণকৃষ্ণ রায় প্রাথমিক স্কুলের শিক্ষক। বানারহাটের ফটকটারি গ্রামের বাড়িতে বসে তিনি এ দিন বলেন, "ছেলের জন্য আমাদের অনেক অত্যাচার সহ্য করতে হয়েছে। ও ধরা পড়েছে কি না, আমরা জানি না। তবে আমরা কোনও খোঁজ নিতে যাব না।"

শামুকতলা থেকে বিশ্বজ্যোতি ভট্টাচার্য জানাচ্ছেন, টম ও মিল্টন ধরা পড়লেও সীমান্ত এলাকায় ভারতীয় ফৌজের তল্লাশি অভিযান পুরোদমে চলছে। অচেনা মুখ চোখে পড়লেই সঙ্গে সঙ্গে তা জানানোর জন্য ভুটান সীমান্তবর্তী গ্রামের বাসিন্দাদের বলে দিয়েছেন জওয়ানেরা। পাহাড়ি জঙ্গল থেকে জঙ্গিদের খেদাতে রয়্যাল ভুটান আর্মির অভিযানের প্রেক্ষিতে জলপাইগুড়ির ভুটান-সীমান্তে প্রচুর ভারতীয় সেনা সোমবার থেকেই মোতায়েন করা হয়েছে, যাতে জঙ্গিরা সীমান্ত টপকে ভারতে আসতে না-পারে। অতিরিক্ত সাত কোম্পানি বি এস এফ মোতায়েন করা হয়েছে। পাঁচ কোম্পানি রয়েছে জলপাইগুড়ির ভুটান সংলগ্ন এলাকায়, দুই কোম্পানি আছে কোচবিহারে অসম-সীমানায়। কোকরাঝাড়ের পুলিশ সুপার বিজয়কৃষ্ণ রামশেট্টি এ দিন বলেন, "ভুটানে তাড়া খেয়ে এন ডি এফ বি ১৬ জঙ্গির একটি দল কোকরাঝাড়ে ঢোকার চেষ্টা করছে বলে খবর পেয়েছি। সীমান্তে নজরদারি বাড়িয়ে দিয়েছি। সীমান্ত কার্যত সিল করে দেওয়া হয়েছে।"

জলপাইগুড়ির সীমান্ত ঘেঁষা জয়গাঁ, মাদারিহাট, বক্সা, জয়ন্তী, ময়নাবাড়ি এলাকায় বি এস এফ মোতায়েন করা হয়েছে। পিপিংয়ে কেন্দ্রীয় জল কমিশনের শাখা দফতরের ভারপ্রাপ্ত সূর্যবাহাদুর থাপা বলেন, "এই অভিযানের ফলে ভুটানে আমাদের তিন জন কর্মী আটকে পড়েছেন।" ভুটানঘাটে সি আর পি-র ও সি দীপক রহিল্লা বলেন, "আমরা খবর পেয়েছি, ৬০-৬৫ জন জঙ্গি আত্মসমর্পণ করেছে, তাদের মধ্যে প্রায় ৪০ জন মহিলা। ওই জঙ্গিরা মূলত আলফার বলেই খবর পেয়েছি।" কিন্তু বেশ কিছু জঙ্গি পালিয়ে গিয়েছে এবং তারা জলপাইগুড়ির বিভিন্ন সীমান্ত এলাকায় ঢুকবে বলে সামরিক গোয়েন্দাদের ধারণা। সেই জন্যই তল্লাশি থামেনি।

সোমবার সকাল সাড়ে ৯টায় অভিযান শুরু হয়েছে, বুধবার বিকালেও শামুকতলা হয়ে ভুটানঘাটে যাওয়ার রাস্তায় সাঁজোয়া গাড়ি, ট্রাক ও খচ্চর নিয়ে ফৌজিদের সারি বেঁধে যেতে দেখা যায়। কয়েক জন জওয়ান জানালেন, খচ্চরের পিঠে মালপত্র চাপিয়ে পাহাড়ে নিয়ে যাওয়া হচ্ছে। সীমান্তের পাহাড়ি জঙ্গলে তল্লাশি অভিযান যে বেশ কিছু দিন ধরেই চলবে, এই রসদ বহন সম্ভবত তারই ইঙ্গিত দিচ্ছে। ময়নাবাড়ি, রায়ডাকের জঙ্গলের রাস্তায় বাইকে চড়ে অয়্যারলেস সেট নিয়ে তল্লাশি চালাচ্ছেন জওয়ানেরা। স্থানীয় বাসিন্দাদের সহযোগিতাও চাওয়া হয়েছে।

ময়নাবাড়ির ১০ হালিয়া বস্তির বাসিন্দা, চুনু খেরিয়া, রঞ্জিত মুন্ডা, ডেঙ্গু মুন্ডারা জানান, "মঙ্গলবার রাতে আমাদের এলাকায় ফৌজিরা এসে বলেন, অচেনা কোনও মুখ দেখলেই আমাদের খবর দেবে। পিপিংয়ের দিক থেকে গোলাগুলির শব্দ সোমবার বিকালের পরে আর পাওয়া যায়নি। কিন্তু ২৪ ঘণ্টাই বি এস এফ এবং সেনা জওয়ানেরা এলাকায় আঁতিপাঁতি করে তল্লাশি চালাচ্ছেন।"

ANADABAZAR PATRIKA 18 DEC 2003

The Economic Times
18 DEC 2003

Bhutan Army puts Ulfa, KLO in tight spot

Our Guwahati Bureau
17 DECEMBER

THE banned United Liberation Front of Asom (ULFA) and Kamatapur Liberation Organization (KLO) received serious jolts with the arrests of Mithinga Daimary, Tom Adhikary and Dalton Barman in Bhutan following the ongoing arms operation by Royal Bhutan Army against the three anti-India militant groups.

According to a reliable source, Mithinga Daimary alias Deepak Das the publicity secretary of ULFA, Tom Adhikary supposedly a top leader of KLO and Dalton Barman another senior militant leader were identified during a identification parade. Assam chief minister Tarun Gogoi, when contacted by ET, expressed satisfaction over the arrest of some top leaders of militant outfit. However, he said the militant outfits have yet to give any indications of surrender. Assam police is optimistic the arrested militants will be handed over to them for interrogation. "Bhutan will hand over the militants but not now. Now they will utilise them for more information" a top police official said.

Meanwhile, NDFB has asked Bhutan to stop action against them in line with ULFA. According to unconfirmed sources, after the fall of both the headquarters i.e. central and general, the ULFA militants are now worried about the safety of their women and children who were left behind by the fleeing militants.

At Flush Point: Soldiers of the Royal Bhutan Army check villagers at a border checkpost in Bhutan Samdrup Jongkhar near the border on Wednesday. – PTI

Official sources believe there are many other middle rung leaders of the three outfits who are already caught in the security dragnet. According to army sources, at least 90 militants and 34 Bhutan Army personnel were killed and about 160 people, including 100 militants were reportedly injured in the fight between the troops of the Royal Government of Bhutan and rebels in southern Bhutan since Tuesday.

The officials of the Bhutan army and their Indian counterparts on late Tuesday night said 34 personnel of the Bhutan Army were killed and 60 injured in the exchange of fire with the militants. Among the militants killed during the operation were 12 KLO insurgents, 40 NDFB militants and 38 ULFA ultras, they said. The Central Headquarters (CHO) of the ULFA had been completely demolished by the Bhutan Army jawans, they said, adding some massive encounters occurred at Kalikhola, Tintala and Bukka among other places in that country.

The road link between India and Bhutan had virtually been snapped following the deployment of the Army. The rebels were armed with rocket launchers, grenade launchers, assault rifles, pistols and mines. The rebels had also laid a number of booby traps in and around the training camps.

THE TELEGRAPH 18 DEC 2003

None like Tom, say sleuths

PROBIR PRAMANIK

Siliguri, Dec. 17: The arrest of two top Kamtapur Liberation Organisation leaders today will break the backbone of the outfit, said intelligence sources here.

The KLO's crack squad chief Tom Adhikary alias Joydeb Roy and second-in-command Milton Burman alias Mihir Das were today picked up from their hideouts in Bhutan.

"The arrests are going to have a telling effect on the KLO's future, provided the outfit survives the military offensive launched by the Royal Bhutan Army in the southern districts of the Himalayan kingdom. Burman is known to be the brain of the KLO. A master planner, he is an associate of the self-styled chief, Jeevan Singh, since childhood. The two along with Adhikary are the founder members of the outfit. Their arrests are a major blow to the separatist movement in north Bengal," said a military intelligence officer.

"The three are worshipped by a section of Rajbonshi youths and have over the years enjoyed cult figure status, inspiring many young men to trail the path of militancy. They enjoyed publicity earlier elusive to the KLO brass and used to attract a large number youths to the armed rebellion," said an officer.

According to police, even if the outfit survives the military attack, it would be difficult to replace Adhikary. As chief of the action squad, Adhikary was credited by his Ulfa and National Democratic Front of Boroland (NDFB) comrades for planning and executing daring operations with precision.

Surrendered KLO militants have often spoken of Adikary's ruthlessness, said a senior officer. Adhikary and Burman were among the first batch of KLO militants who were trained by the Ulfa and the NDFB in the camps in Bhutan. The two controlled KLO's major operations and undertook recruitment drives.

Adhikary was also the groups' principal fundraiser. "His name inspired fear in the tea industry and the trading community in north Bengal, helping the KLO extort money from businessmen," said a senior police officer. A fugitive, he always managed to give the security agencies the slip after major strikes.

The Ulfa used to hire out KLO's arsenal and expertise mainly because of its crack squad chief, "who could complete a job with finesse", said a senior Jalpaiguri police official.

